

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৬৩

আগরতলা, ০৫ নভেম্বর, ২০১৮

সরকারি ছুটি : রাজ্য সরকারের স্পষ্টিকরণ

২০১৯ সালের ক্যালেন্ডারে সরকারি ছুটির তালিকায় নেতাজীর জন্মদিবস স্থান পায়নি বলে একটি বিভ্রান্তি ছড়িয়েছে। এ ব্যাপারে সঠিক তথ্য দিয়ে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন (জি এ)-র পক্ষ থেকে জানানো হয়েছে যে, নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিবসটি সরকারি ক্যালেন্ডারে ছুটির দিন হিসেবে উল্লেখ রয়েছে। এটি রাজ্যে অবস্থিত ত্রিপুরা সরকারের সমস্ত কার্যালয়, রেভেনিউ ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত, ব্যাঙ্ক, আর্থিক প্রতিষ্ঠানের জন্য ছুটি হিসেবে ঘোষণা দেওয়া হয়েছে। উল্লেখ্য, বিগত বছরের মতো আগামী বছরও এই দিনটি ফ্যাক্টরীজ অ্যাক্ট ১৯৪৮-এর আওতাধীন সংস্থায় ছুটি হিসেবে গণ্য হবে না।

এছাড়াও রাজ্য সরকারি তরফে জানানো হয়েছে যে, ফ্যাক্টরীজ অ্যাক্ট ১৯৪৮-এর আওতায় ২০১৯-এর ১লা মে ছুটি বলে গণ্য হবে। কিন্তু ২০১৯ সালের সরকারি ক্যালেন্ডারে ছুটির তালিকা অনুযায়ী ত্রিপুরায় অবস্থিত রাজ্য সরকারের সমস্ত কার্যালয়, রেভেনিউ এন্ড এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত, ব্যাঙ্ক, আর্থিক প্রতিষ্ঠানে ১লা মে দিনটি রেস্ট্রিক্টেড হোলি ডে হিসেবে গণ্য হবে।
